তারিখ 14 DEC 1990
পৃষ্ঠা ৭ কলাম ৭

দৈনিক বাংলা

# ব্রাহ্মণবাড়ীয়ায় ১ হাজার প্রাইমারী শিক্ষককে অযোগ্য ঘোষণা

।।নিজস্বসংবাদদাতা।।

ব্রাহ্মণবাড়ীয়া, ১২ই ডিসেম্বর।– প্রাথমিক শিক্ষা অধিদফতর ব্রাহ্মণ-বাড়ীয়া জেলার ৩শ' ২টি প্রাথমিক বিদ্যালয়ের ১ হাজার ২শ' ৪জন শিক্ষককে অযোগ্য ঘোষণা করেছে।

জানা গেছে, প্রাথমিক বৃত্তি পরীক্ষার জাতীয় কমিটির সিদ্ধান্তের প্রেক্ষিতে অধিদফতর উক্ত ঘোষণা দিয়েছে।

১৯৮৯ সালে অনুষ্ঠিত প্রাথমিক বৃত্তি পরীক্ষায় যেসব স্কুলের ছাত্রছাত্রীদের একজনও বৃত্তি পায়নি কিংবা বৃত্তি পরীক্ষায় অংশগ্রহণকারী ছাত্রছাত্রীদের শতকরা ৫০ ভাগের বেশী ছাত্রছাত্রী তিনটি বিষয়ে গড়ে শতকরা ৩৩ ভাগের কম নম্বর পেয়েছে সেসব বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকাকে অযোগ্য ঘোষণা করা হয়েছে।

তবে এই ঘোষণা সতর্কতামূলক প্রাথমিক শিক্ষা অধিদফতরের একপত্রে বলা হয়েছে, প্রাথমিক শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে এই কার্যক্রম গ্রহণ করা হয়েছে। উক্ত পত্রে সতর্ক করা হয়েছে, ভবিষ্যতে যেন এই অবস্থার পুনরাবৃত্তি না ঘটে তার জন্য সংশ্লিষ্ট সবাইকে তৎপর হতে হবে।